



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩

২৫ বৈশাখ, ১৪২৯

তারিখঃ -----

০৮ মে, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

চলচ্চিত্র শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার লক্ষ্যে বিদ্যমান সিনেমা হলগুলো সংস্কার ও আধুনিকায়ন এবং
নতুন সিনেমা হল নির্মাণের উদ্দেশ্যে স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে
বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি বিশেষ পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) গঠন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২১ এবং বিআরপিডি সার্কুলার
লেটার নং-৪৯, তারিখঃ ০৯ ডিসেম্বর, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আলোচ্য স্কীমের আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ সুবিধা প্রদানের পর পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ
ব্যাংকের নিকট ৩১ মার্চ, ২০২২ তারিখের মধ্যে আবেদন করতে হবে মর্মে উপরোক্ত সার্কুলারে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু
জারিকৃত সার্কুলার এর বিষয়বস্তু গ্রাহক পর্যায়ে যথাসময়ে অবহিত হতে না পারায় অনেক আগ্রহী গ্রাহক সময়মতো উক্ত ঋণ সুবিধা
গ্রহণের জন্য ব্যাংকে আবেদন করতে সমর্থ হয়নি মর্মে জানা যায়।

০৩। এক্ষণে বর্ণিত বিষয়বলী বিবেচনায়, এ স্কীমের আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ উত্তর অংশগ্রহণকারী ব্যাংক
কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখ পর্যন্ত
বর্ধিত করা হলো।

০৪। উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২